আজকের কাগজ

তারিখ 19 MAY 1998
পৃষ্ঠা ৫

## লেখাপড়া

# কোনো দিন বুড়ো হয় না

লেখা পড়ায় বয়স এখন আর কোনো সমস্যাই না। যে কোনো বয়সের যে কেউ চাইলেই এখন পুনরোদ্যমে শুরু করতে পারেন পড়াশুনা। ফিরে পেতে পারেন তারুণ্যের সেই উদ্যম।

কিশোর, যুবক–বৃদ্ধ সবার জন্যে যে প্রতিষ্ঠানটি, সেটি হলো উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠা কাল ১৯৯২। দেশের বিশাল জনগোষ্ঠি, বিবিধ কারণে কিছু শিক্ষার্থী প্রতিনিয়ত ঝরে পড়ছে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে। কারো হয়তো পড়তে পড়তে বিয়ে হয়ে গেলো, এসএসটি তার দেয়াই হলো না। আবার কারো বা পরিবারের কর্তাটি বিদায় নিলো, কলেজে পা রাখা হলো না। বা কেউ চাকরি করছেন, কলেজ–বিশ্ববিদ্যালয়ে যাওয়ার সময় নেই তাদের জন্যেই উন্মুক্ত– এই উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

যেখানে নেই কোনো বয়সের বাধ্যবাধকতা, আছে প্রচুর সুযোগ সুবিধা। কোনো কারণে শিক্ষার্থী নির্ধারিত সময়ে পরীক্ষা দিতে পারেননি। তাতেও কোনো অসুবিধে নেই, পরে সুযোগ মতো যে কোনো এক সময়ে দিয়ে দিবেন পরীক্ষাটি। অর্থাৎ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শুধু বয়সের দিক থেকে নয় সময়ের দিক থেকেও উন্মুক্ত।



*গাজীপুরে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস*

মাইক্রো ইলেকট্রনিক্স বিপ্লবের ফসল এ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়। বর্তমানে শিক্ষার্থী প্রায় ৩৫ হাজার। গতানুগতিক নিয়মে ক্লাসরুমে না যেয়ে, ছাত্রাবাসে না থেকে নিজের সময় সুযোগ মতো পড়াশুনা করে বা রেডিও, টিভির মাধ্যমে লেখা পড়ার অভ্যাস করতে পারে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তবে ক্লাসরুমের সুযোগ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে একেবারে নেই, তা বলা যাবে না। প্রতি মাসে দু'বার বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হয় টিউটোরিয়াল ক্লাস। যেখানে শিক্ষার্থীরা নিজেদের বিভিন্ন অসুবিধা নিয়ে শিক্ষকদের সঙ্গে আলোচনা করতে পারেন। আলোচনার জন্যে সারা দেশ জুড়ে রয়েছে ১০টি আঞ্চলিক ও ৮০টি স্থানীয় কেন্দ্র।

প্রাক প্রাথমিক থেকে শুরু করে পোষ্ট ডক্টরেট পর্যন্ত প্রায় প্রতিটি বিষয়ে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে চালু করা সম্ভব। তবে বিষয় নির্ভর করছে চাহিদার ওপর। বর্তমানে চাহিদার ভিত্তিতে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ৫টি কোর্স চালু করেছে। কোর্সগুলো বি, এড সার্টিফিকেট ইন ইংলিশ ল্যাংগুয়েজ প্রফিশিয়েন্সি, সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট, ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট ও এসএসসি।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বর্তমানে সবচে' জনপ্রিয় হলো বিএড যা ব্যাচেলর অব এডুকেশন। শিক্ষক প্রশিক্ষণের এ কোর্সটিতে অগ্রাধিকার শিক্ষকদের। শতকরা ৯০ ভাগ আসন শিক্ষকদের বাকি ১০ ভাগ সাধারণ ছাত্রছাত্রিদের জন্যে। ভর্তিতে লাগে মাত্র সাড়ে তিন হাজার টাকা। যাতে অন্তর্ভুক্ত থাকে। রেজিস্ট্রেশন, বইপত্র ও পরীক্ষার ফি পর্যন্ত। ছাত্রছাত্রী পেশাজীবী বা গৃহিণীদের জন্যে ইংলিশ ল্যাংগুয়েজ কোর্স। মাত্র ১৫শ' টাকার বিনিময়ে বই পত্র ক্যাসেট। শিক্ষার্থীরা ঘরে বসে চালাতে পারেন ইংলিশ শিখন প্রক্রিয়া। ক্যাসেট ছাড়াও প্রতি শুক্রবার রেডিওতে ও প্রতি রোববার টিভিতে বিশেষ প্রোগ্রাম।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের হালের ক্রেইজ, ঘরে বসে এম বি এ। এই এমবিএতে নেই ড্রপ আউটের ঝুঁকি। তবে এমবিএ করার আগে করে নিতে হবে প্রিএমবিএ অথবা ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট কোর্সটি।

আপনি যদি হন কমার্স গ্র্যাজুয়েট তবে সরাসরি ভর্তি হতে পারেন প্রিএমবিএতে। যদি আপনি কমার্স গ্র্যাজুয়েট না হন, তবে আপনাকে প্রিএমবিএ'র আগে করতে হবে ৬ মাসের সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট কোর্সটি। শুধু প্রিএমবিএ নয় পেশাগত দক্ষতা বাড়ানোর জন্যেও যে কেউ করতে পারেন ম্যানেজমেন্ট কোর্সটি।

শুধুমাত্র ৫টি প্রোগ্রামের মধ্যে সীমাবদ্ধ থাকছে না বিশ্ববিদ্যালয়। এ বছরের ডিসেম্বরের আগেই শুরু হতে যাচ্ছে কৃষি ও নার্সিং ডিপ্লোমা।

■ অর্জয়িতা প্রমা